



গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার

জনপ্রশাসন মন্ত্রণালয়

বিধি অনুবিভাগ

বিধি-১ শাখা

www.mopa.gov.bd



স্মারক নম্বর: ০৫.০০.০০০০.১৭০.০৬.০০৯.২১.৩৭

তারিখ: ১২ ফাল্গুন ১৪৩০

২৫ ফেব্রুয়ারি ২০২৪

বিষয়: নিয়োগ, পদোন্নতি ও টাইমস্কেল/সিলেকশন গ্রেড বাছাই কমিটিতে প্রতিনিধি মনোনয়ন সংক্রান্ত মতামত।

সূত্র: সংস্কৃতি বিষয়ক মন্ত্রণালয়ের ১৭ জানুয়ারি, ২০২৩ তারিখের ৪৩.০০.০০০০.১২৯.১২.০০১.২০.১৪ নম্বর স্মারক।

উপর্যুক্ত বিষয় ও সূত্রস্ব স্মারকের পরিপ্রেক্ষিতে নির্দেশক্রমে মতামত দেয়া যাচ্ছে যে, যেহেতু ক্ষুদ্র নৃ-গোষ্ঠীর সাংস্কৃতিক ইনস্টিটিউট, খাগড়াছড়ি একটি স্বায়ত্তশাসিত প্রতিষ্ঠান এবং ক্ষুদ্র নৃ-গোষ্ঠীর সাংস্কৃতিক ইনস্টিটিউট, খাগড়াছড়ি কর্মচারী চাকরি প্রবিধানমালা, ২০২১ এর প্রবিধি-৪(৪)" কোন পদে সরাসরি নিয়োগের ক্ষেত্রে, এতদুদ্দেশ্যে ইনস্টিটিউট কর্তৃক নিযুক্ত বাছাই কমিটির সুপারিশের ভিত্তিতে নিয়োগ প্রদান করিতে হইবে" মর্মে উল্লেখ রয়েছে সেহেতু জনপ্রশাসন মন্ত্রণালয়ের ২৩ মে ২০২৩ তারিখে জারিকৃত ০৫.০০.০০০০.১৭০.০৬.৩৬.১৩.১২৮ সংখ্যক পরিপত্রের সংশোধিত পরিপত্র নং-০৫.০০.০০০০.১৭০.০৬.৩৬.১৩-২৮, তারিখঃ ০৭/০২/২০২৪ অনুযায়ী ক্ষুদ্র নৃ-গোষ্ঠীর সাংস্কৃতিক ইনস্টিটিউট, খাগড়াছড়ি-এ স্থায়ীভাবে বদলীকৃত/স্থায়ীভাবে প্রেষণে নিয়োজিত কোন সরকারি কর্মকর্তা থাকলে উক্ত সরকারি কর্মকর্তাগণের বেতন স্কেল এর ৪র্থ, ৫ম ও ৬ষ্ঠ গ্রেডের পদে পদোন্নতি/নিয়োগ এবং ইনস্টিটিউটের পরিচালনা পরিষদ বহির্ভূত অন্যান্য যে সকল পদের নিয়োগ/পদোন্নতি প্রদানের দায়িত্ব সরকারের, সেই সকল পদে নিয়োগ/পদোন্নতি ব্যতীত অন্যান্য পদে নিয়োগ/পদোন্নতি প্রদানের জন্য জনপ্রশাসন মন্ত্রণালয়ের জারিকৃত পরিপত্রসমূহ প্রযোজ্য হবে না। এক্ষেত্রে নিয়োগ/পদোন্নতি/টাইমস্কেল/সিলেকশন গ্রেড প্রদান বিষয়ক কমিটিতে জনপ্রশাসন মন্ত্রণালয় এবং অর্থ বিভাগের প্রতিনিধি অন্তর্ভুক্তির আবশ্যিকতা নেই। তবে ক্ষুদ্র নৃ-গোষ্ঠীর সাংস্কৃতিক ইনস্টিটিউট, খাগড়াছড়ি প্রয়োজন মনে করলে জনপ্রশাসন মন্ত্রণালয় এবং অর্থ বিভাগের প্রতিনিধি অন্তর্ভুক্ত করে কমিটি গঠন করতে পারে।

২৫-২-২০২৪

মোঃ আব্দুল কাদির মিয়া

সিনিয়র সহকারী সচিব

সচিব

সচিবের দপ্তর

সংস্কৃতি বিষয়ক মন্ত্রণালয়

ফোন: ৯৫১৫৫৫২

ইমেইল: reg1@mopa.gov.bd